

বরণায় গেয়ে ওঠো বরণার মেয়ে

অবনি অনার্য

কীর্তন কর দোষ শুধু গুণ কর না

পারলে অমন বরনার মতো ঝরো না!

কোন মৃদু টানে বুক থেকে খসে ওড়না

শর্তবিহীন আমার আকাশে ওড় না!

বরনার পাশে পুজিবাদী জাদু ছাড়ো না

তাড়া করে ফেরে কোন আদিপ্রেম তাড়না

আর যাই হোক মানো তো আমি যে পর না

ভূমিপ্রেমে আহা পতিত হচ্ছে বরনা

তোমার নিয়তি জড়ানো আমার সঙ্গেই

যত যাই বলো আসতে হবে এ সঙ্গেই

শেষতক ঠাঁই আমার বাড়ির আঙিনাই

বিলিভ, তোমার হাটে হাড়ি আমি ভাঙি নাই